

## বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড বিদ্যুৎ বার্তা

স্বাধীনতার স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর নেতৃত্বে ১৯৭২ সালে রচিত মহান সংবিধানের ১৬ নং অনুচ্ছেদে “নগর ও গ্রামাঞ্চলের জীবনযাত্রার মানের বৈষম্য ক্রমাগতভাবে দূর করার উদ্দেশ্যে কৃষি বিপ্লবের বিকাশ, গ্রামাঞ্চলে বৈদ্যুতিকরণের ব্যবস্থা, কুটির শিল্প ও অন্যান্য শিল্পের বিকাশ এবং শিক্ষা, যোগাযোগ-ব্যবস্থা ও জনস্বাস্থ্যের উন্নয়নের মাধ্যমে গ্রামাঞ্চলের আমূল রূপান্তর সাধনের জন্য রাষ্ট্র কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন” মর্মে অঙ্গীকার করা হয়েছে। জাতির পিতার সুদূরপ্রসারী এ চিন্তা ভাবনার ধারাবাহিকতায় পল্লীর জনগণের দোরগোড়ায় বিদ্যুৎ সুবিধা পৌঁছানোর লক্ষ্যে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড প্রতিষ্ঠা করা হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার লক্ষ্যে “রূপকল্প ২০২১” অনুসরণে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর মাধ্যমে উপজেলাভিত্তিক শতভাগ বিদ্যুতায়নের ধারণাটি বিবেচনায় নিয়ে তা বাস্তবায়নে সর্বাঙ্গিক প্রচেষ্টা গ্রহণ করেছে। “রূপকল্প ২০২১” কে সর্বাঙ্গীন সাফল্যমণ্ডিত করতে বাপবিবোর্ড কর্তৃক ১৮ টি প্রকল্প গ্রহণ করে তা দ্রুত বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এই কাজকে আরও বেগবান করার জন্য তার আওতাভুক্ত ৮০ টি পল্লী বিদ্যুৎ সমিতিতে এলাকাভিত্তিক শতভাগ পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে “শতভাগ পল্লী বিদ্যুতায়নের জন্য বিতরণ নেটওয়ার্ক সম্প্রসারণ (ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগ) শীর্ষক প্রকল্প” ও “শতভাগ পল্লী বিদ্যুতায়নের জন্য বিতরণ নেটওয়ার্ক সম্প্রসারণ (রাজশাহী, রংপুর, খুলনা ও বরিশাল বিভাগ)” শীর্ষক প্রকল্পদ্বয়ের মাধ্যমে সারাদেশে দ্রুততম সময়ে তা বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। বাপবিবোর্ডের জন্মলগ্ন থেকে বিগত ৩০ বছরে যেখানে ২ লক্ষ ৪৭ হাজার কিঃ মিঃ বিতরণ লাইন ও ৪৯৭ টি (৪৬৫০ এমভিএ) উপকেন্দ্র নির্মাণের মাধ্যমে ৭৪ লক্ষ গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছিল, বর্তমান সরকারের সঠিক পরিকল্পনা ও তা দ্রুত গতিতে বাস্তবায়নের ফলে বিগত ১০ বছরে সেখানে আরও ১ লক্ষ ৯০ হাজার ৫০০ শত কিঃ মিঃ বিতরণ লাইন ও ৩৯১ টি (৫৮৮৫ এমভিএ) উপকেন্দ্র নির্মাণের মাধ্যমে অতিরিক্ত ১ কোটি ৭৬ লক্ষ নতুন গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। বর্তমানে মোট গ্রাহক সংখ্যা ২ কোটি ৫০ লক্ষতে উপনীত হয়েছে। ফলশ্রুতিতে ৪৬১ টি উপজেলার মধ্যে ২৬৭ টি উপজেলা শতভাগ বিদ্যুতায়িত হয়েছে। শুধু দ্রুত সংযোগ সম্প্রসারণই নয় বাপবিবোর্ড বিতরণ লাইন সম্প্রসারণের সাথে সাথে তার আওতাভুক্ত গ্রাহকগণকে সাশ্রয়ী মূল্যে গুণগত মানসম্পন্ন নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে যুগপৎ ভাবে কাজ করে যাচ্ছে।


বিদ্যুৎ উৎপাদন অত্যন্ত ব্যয়বহুল, ২০১৮-১৯ অর্থ বছরে বিদ্যুতের প্রকৃত উৎপাদন মূল্য ছিল: ৬.২৫ টাকা/কিঃ ওঃ ঘঃ এবং বিদ্যুতের গড় বিক্রয়মূল্য (বান্ধ) ছিল: ৪.৮২ টাকা/কিঃ ওঃ ঘঃ। ৩ লক্ষ ৫০ হাজার সেচ গ্রাহককে কিঃ ওঃ ঘঃ প্রতি ৩.২০ টাকা মূল্যে ও ১ কোটি ৫ লক্ষ লাইফ লাইন (৫০ কিঃ ওঃ ঘঃ পর্যন্ত বিদ্যুৎ ব্যবহারকারী) গ্রাহককে কিঃ ওঃ ঘঃ প্রতি ৩.৬০ টাকা মূল্যে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। ফলে জনসাধারণের ক্রয়ক্ষমতার মধ্যে বিদ্যুৎ সরবরাহ করার জন্য সরকারকে ২০১৭-১৮ অর্থ বছরে ৫৪৮৫.৮১ কোটি টাকা ভর্তুকি দিতে হয়েছে। বাপবিবোর্ড কর্তৃক প্রতি মাসে প্রায় তিন লক্ষ নতুন গ্রাহককে সংযোগ প্রদানের সাথে সাথে বিদ্যুতের চাহিদা বাড়ছে। বাপবিবোর্ড ক্রমবর্ধমান বিপুল সংখ্যক গ্রাহকের বিদ্যুৎ চাহিদার সাথে উৎপাদন ও বিতরণের সময়সীমা সাধনের জন্য গ্রাহকগণকে বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী ভূমিকা পালনসহ সম্মানিত গ্রাহকগণের বিদ্যুৎ বিল হ্রাসকরণের জন্য নিম্নেবর্ণিত পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে আহ্বান জানাচ্ছে।

### বিদ্যুৎ বিল কমাতে চান, তাহলে

- ❖ বিদ্যুৎ অপচয় রোধ করে ব্যবহারে সাশ্রয়ী হয়ে দিনের আলোতে প্রয়োজনীয় কাজ শেষ করুন;
- ❖ বিদ্যুৎ সাশ্রয়ী যন্ত্রপাতি যেমন এলইডি বাল্ব, এলইডি টিভি, এনার্জি সেভিং বাল্ব, ফ্যান, এসি, ওভেন ও ফ্রিজ ইত্যাদি ব্যবহার করুন এবং কম্পিউটার, ল্যাপটপ ও টিভি ব্যবহার শেষে সুইচ বন্ধ করুন;
- ❖ বিকাল ৫ টা থেকে রাত ১১ টা পর্যন্ত সেচ পাম্প চালানো এড়িয়ে চলুন এবং লো ভোল্টেজ পরিহার কল্পে রাত ১১ টা থেকে সকাল ৭ টা পর্যন্ত সেচ পাম্প চালনা করুন;
- ❖ এলাকা ভিত্তিক সেচ পাম্প বিদ্যুৎ সরবরাহের রোটেশন ও কৃষি বিভাগের Wet & Dry পদ্ধতি মেনে চলুন;
- ❖ অফ পিক আওয়ারে নিম্নহারের বিদ্যুৎ মূল্য গ্রহণের সুবিধার্থে ঐ সময়ে শিল্প কলকারখানা চালনা করুন;
- ❖ বেআইনীভাবে ইজিবাইক ও মোটর চালিত রিক্সার ব্যাটারি চার্জিং প্রতিরোধ করুন ও দূর্ঘটনা এড়ানোর লক্ষ্যে হুকিং বা অবৈধ বিদ্যুৎ সংযোগ গ্রহণ হতে বিরত থাকুন;
- ❖ নিম্নহারে বিদ্যুৎ বিল সুবিধা প্রাপ্তির লক্ষ্যে দোকান, শপিং মল, পেট্রোল পাম্প ও সিএনজি স্টেশনে অতিরিক্ত বাতি ব্যবহারে বিরত থাকুন ও অপ্রয়োজনীয় আলোকসজ্জা পরিহার করুন;
- ❖ পোস্ট পেইড মিটারের পরিবর্তে প্রি-পেইড মিটার ব্যবহার করুন;
- ❖ বিদ্যুৎ সাশ্রয়ী ভবন নির্মাণ করে সৌর বিদ্যুৎ ব্যবহার করুন, পরিবেশ দূষণমুক্ত ও নিরাপদ রাখুন;
- ❖ পাওয়ার ফ্যাক্টরের মান উন্নয়নে ক্যাপাসিটর ও প্রয়োজনে পাওয়ার ফ্যাক্টর ইমপ্রুভমেন্ট প্লান্ট ব্যবহার করুন;
- ❖ এসি'র তাপমাত্রা ২৫° সেলসিয়াস এর উপরে রাখুন ও ঘর থেকে বের হওয়ার সময় বিদ্যুতের সুইচ বন্ধ করুন;
- ❖ বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হয়ে নিজে লাভবান হউন ও দেশ সেবায় আত্মনিয়োগ করুন।

প্রকল্প পরিচালক  
শতভাগ ডিএনই (আরআরকেবি)  
বাপবিবো, ঢাকা।

প্রকল্প পরিচালক  
শতভাগ ডিএনই (ডিএমসিএস)  
বাপবিবো, ঢাকা।

  
(Md. Zohirul Islam)  
PD, 100% DNE(W)  
RRKB, Division  
Dhaka, Dhaka.

  
Ahsan Habeeb  
Project Director  
100% DNE /DMCS, BREB, Dhaka.